দৈনিক সংবাদ

59

তারিখ 27 MAY 1992
পৃষ্ঠা... ১ ... কলাম ... ২

## হাবিবুল্লাহ বাহার কলেজ বন্ধ ঘোষণা

# ছাত্রদলের দুই গ্রুপের মধ্যে ব্যাপক গুলি বোমাবাজি

(নিজস্ব বার্তা পরিবেশক)

জাতীয়তাবাদী ছাত্রদলের দুই গ্রুপের মধ্যে সংঘর্ষের জের হিসেবে গোলাগুলি ও বোমাবাজির কারণে হাবিবুল্লাহ বাহার সরকারী কলেজ অনির্দিষ্টকালের জন্যে বন্ধ ঘোষণা করা হয়েছে। গতকাল মঙ্গলবার দুপুরে এ সংঘর্ষ হয়। সংঘর্ষে অজ্ঞাত পরিচয় একজন তরুণ ছুরিকাহত হয়েছে বলে জানা গেছে। কলেজ ছাত্র সংসদ নির্বাচনে প্যানেল তৈরীর ঘটনাকে কেন্দ্র করে এ সংঘর্ষ বাধে।

সংঘর্ষের কারণে আগামী ৩রা জুন অনুষ্ঠেয় কলেজ ছাত্র সংসদ নির্বাচন স্থগিত ঘোষণা করা হয়েছে।

প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন, ছাত্র সংসদ নির্বাচনে প্যানেল তৈরীর ঘটনাকে কেন্দ্র করে গত সোমবার কলেজ শাখার ছাত্রদল নেতা হাবিব ও মিলনের নেতৃত্বাধীন দু' গ্রুপের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়া হয়। এ ঘটনার এক পর্যায়ে হাবিব গ্রুপ মিলন গ্রুপকে কলেজ ক্যাম্পাস থেকে বের করে দেয়।

মিলন গ্রুপ গতকাল মঙ্গলবার সকাল সাড়ে ১১টার দিকে মারাত্মক অস্ত্রেসস্ত্রে সজ্জিত হয়ে অবিরাম গুলিবর্ষণ করতে করতে কলেজ ক্যাম্পাসে প্রবেশ করে। এ সময় কলেজে অবস্থানরত ছাত্রছাত্রীদের

ছাত্রদল: পৃঃ ৮ কঃ ৬

## বাহার কলেজ: বন্ধ ঘোষণা

(১ম পাতার পর)

মধ্যে এক ভয়ার্ত পরিবেশের সৃষ্টি হয়। প্রাণভয়ে তারা নিরাপদ আশ্রয়ের দিকে ছুটতে থাকে। গুলিবর্ষণকারীরা একজন অজ্ঞাত পরিচয় তরুণকে ধরে মারধর ও ছুরিকাহত করে। রক্তাক্ত অবস্থায় ঐ তরুণ পালিয়ে যায়।

প্রায় আধ ঘন্টা সময় ধরে অবিরাম গোলাগুলি ও বোমাবাজির পর উক্ত মিলন গ্রুপের সশস্ত্র ব্যক্তিরা কলেজ ক্যাম্পাস ত্যাগ করে চলে যায়।

এ ঘটনার প্রেক্ষিতে কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে। তবে পরীক্ষাসমূহ যথাসময়ে অনুষ্ঠিত হবে।